মন্ত্রিপরিষদ বিভাগের মে ২০২৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: মে ২০২৬ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ৯ জুন ২০২৬

(১) প্রশাসনিক:

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪৭৪	২৮২	১৯২
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,০৯৮	১,১৬৮	৯৩০
মোট	২,৫৭২	১,৪৫০	১,১২২

ক.২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	৩	-	৪৩	৩২	৬৩	৫১	১৯২
দুর্নীতি দমন কমিশন	-	-	৩০৭	২১৪	২৮৩	১২৬	৯৩০
মোট	৩	-	৩৫০	২৪৬	৩৪৬	১৭৭	১,১২২

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দিন)

মন্ত্রিপরিষদ বিভাগ	মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	-	-	-
	সচিব, সমন্বয় ও সংস্কার		-
	-	-	
	অতিরিক্ত সচিব		-
	-	-	
দুর্নীতি দমন কমিশন	সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	গণশুনানি ও দুর্নীতি প্রতিরোধ বিষয়ক কর্মশালায় অংশগ্রহণের নিমিত্ত ১০-১১ মে ২০২৬ মেয়াদে গাইবান্ধা জেলা সফর করেন।
ভ্রমণ/পরিদর্শন	২	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) **আইন-শৃঙ্খলা বিষয়ক:** প্রযোজ্য নয়।

(৩) **অর্থনৈতিক :** প্রযোজ্য নয়।

(৪) **উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:**

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	মন্তব্য
1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised)	১৭০	৫৩.১৮ (৩১.২৮ শতাংশ)	-
2. Social Security Policy Support Programme (2nd revised)	১,৫৬৮	১,৫০০ (৯৫.৬৬ শতাংশ)	-
3. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V)	১২৪	৩২.১৬ (২৫.৯৪ শতাংশ)	-
4.Strengthening SBCC Delivery System in Social Protection	৯০.২৬	২৫.৭৮ (২৮.৫৬ শতাংশ)	
মোট	১,৯৫২.২৬	১,৬১১.১২ (৮২.৫৩ শতাংশ)	-

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই

(৫) **উৎপাদন বিষয়ক :** প্রযোজ্য নয়।

(৬) **প্রধান প্রধান সেক্টর/কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

(৭) **অডিট আপত্তি:**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

মন্ত্রণালয়/ সংস্থা	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৪টি	-	-	-	১৪টি	বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	২৫টি	২০৬.৫৫	৬টি	৪টি	২১টি	-
মোট	৩৯টি	২০৬.৬৫	৬টি	৪টি	৩৫টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ	পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা
			চাকরিচ্যুতি/ বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
মন্ত্রিপরিষদ বিভাগ	৩	-	-	-	-	৩	১
দুর্নীতি দমন কমিশন	১৫	-	-	-	-	১৫	১০
মোট	১৮	-	-	-	-	১৮	১১

(৯) মানবসম্পদ উন্নয়ন:

ক. প্রতিবেদনাধীন মাসে নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণ আয়োজন:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	১.	গ্রেড ৯ থেকে তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তাদের দাপ্তরিক কাজে আইসিটি টুলস ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ	১০-১১ মে, ১৩-১৪ মে এবং ২০-২১ মে ২০২৬	৭৬ জন
	২.	গ্রেড ৯ থেকে তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তাদের Artificial Intelligence (AI) বিষয়ে প্রশিক্ষণ	১৭-২১ মে ২০২৬	২০ জন
দুর্নীতি দমন কমিশন	১.	প্রজেক্ট ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ	৩-৭ মে, ১০-১৪ মে এবং ১৭-২১ মে ২০২৬	৬০ জন
	২.	দাপ্তরিক শৃঙ্খলা ও শিষ্টাচার বিষয়ক প্রশিক্ষণ	৪-৬ মে, ১১-১৩ মে এবং ১৮-২০ মে ২০২৬	৬০ জন

ক.১ সরকারি কর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘণ্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত গ্রেড-১০ থেকে ২০তম কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।

ক.২ প্রতিবেদনাধীন মাসে আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী আমন্ত্রিত অতিথি বক্তা/প্রশিক্ষক:

ক্রম	অতিথি বক্তা/ প্রশিক্ষক	প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণে অংশগ্রহণকারী	তারিখ
১.	মিজ্ মিরানা মাহরুখ অতিরিক্ত সচিব অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	Negotiation skills	গ্রেড ৯ ও তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা	১১ মে ২০২৬
২.	ড.কাজী জুলফিকার আলী বিশেষজ্ঞ, বাংলা ভাষা বাস্তবায়ন কোষ জনপ্রশাসন মন্ত্রণালয়	প্রমিত বাংলা ব্যবহার ও প্রমিত বাংলা বানানরীতি	গ্রেড ১০-১১ এবং গ্রেড ১২-১৬	২০-২১ মে ২০২৬

খ. প্রতিবেদনাধীন মাসে অন্য প্রতিষ্ঠানে প্রশিক্ষণে অংশগ্রহণ:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/এজেন্সি	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	১.	Introduction to Budget Management (IBM) শীর্ষক প্রশিক্ষণ, ৫৪তম ব্যাচ	৪-১০ মে ২০২৬	ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ	১ জন
দুর্নীতি দমন কমিশন	১.	দুর্নীতি দমন কমিশনের কর্মচারীদের দক্ষতা নবায়ন প্রশিক্ষণ	২-৪ মে এবং ৯-১১ মে ২০২৬	বিয়াম ফাউন্ডেশন, আঞ্চলিক কার্যালয়, কক্সবাজার এবং বিআরডিটিআই, সিলেট	৬০ জন
	২.	সাইবার সিকিউরিটি বিষয়ক প্রশিক্ষণ	১০-১৪ মে এবং ১৬-২১ মে ২০২৬	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ, রমনা ঢাকা	৪০ জন

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে কর্মকালীন প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি না, না থাকলে কর্মকালীন প্রশিক্ষণ আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: নেই।

(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই।

(১১) আইন, বিধি ও নীতি প্রণয়ন এবং উল্লেখযোগ্য কার্যাবলি:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠক তিনটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি, জাতীয় পুরস্কার সংক্রান্ত একটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ১৯টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ৪টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ১৫টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। প্রতিবেদনাধীন মাসে ৪টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ৩৯টি প্রস্তাব এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ৭টি প্রস্তাব গৃহীত হয়েছে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় ১৪টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৪) মে ২০২৬ মাসে জ্বালানি নিরাপত্তা বিষয়ক মন্ত্রিপরিষদ উপ-কমিটি, পর্যটন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, সার বিষয়ক জাতীয় সমন্বয় ও পরামর্শক কমিটি, সরকারি ক্রয় কার্যক্রমকে অধিকতর ফলপ্রসূ ও অর্থবহ করার সুপারিশ প্রদানের নিমিত্ত কমিটি, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের উচ্চক্ষমতাসম্পন্ন কারিগরি কমিটি, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের জাতীয় স্টিয়ারিং কমিটি, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদের নির্বাহী কমিটি এবং জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদ কমিটি গঠন করা হয়েছে।

(৫) মে ২০২৬ মাসে নিরাপত্তা ও সামাজিক স্থিতিশীলতা নিশ্চিতকল্পে জাতীয় সমন্বয় কমিটি, বৈশ্বিক যুদ্ধ পরিস্থিতিতে অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষায় সংকট ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের মন্ত্রিসভা কমিটি, জাতীয় অর্থনৈতিক পরিষদের

নির্বাহী কমিটি (একনেক),অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি), রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যাবলি চিহ্নিতকরণ ও সম্পাদনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে ওয়ার্কিং-গ্রুপকে সহায়তা করার নিমিত্ত আটটি সাব-গ্রুপ এবং রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যাবলি চিহ্নিতকরণ ও সম্পাদনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ওয়ার্কিং গ্রুপ পুনর্গঠন করা হয়েছে।

(৬) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষার জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(৭) ৭ মে ২০২৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১২০তম সভা অনুষ্ঠিত হয়েছে।

(৮) মহামান্য রাষ্ট্রপতির বিদেশযাত্রা এবং স্বদেশে প্রত্যাবর্তনকালে অনুসরণীয় রাষ্ট্রাচার (Protocol) সম্পর্কিত নির্দেশাবলি ৪ মে ২০২৬ তারিখে জারি করা হয়েছে।

(৯) ২১ ও ২৩ মে ২০২৬ মেয়াদে মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রিগণের একান্ত সচিব ও সহকারী একান্ত সচিবদের অংশগ্রহণে The Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) Act, 1973 এবং The Special Medical Attendance Rules, 1950 অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(১০) ৩-৬ মে ২০২৬ মেয়াদে জেলাপ্রশাসক সম্মেলন ২০২৬ আয়োজন করা হয়েছে এবং জেলাপ্রশাসক সম্মেলন ২০২৬-এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ প্রতিপালন করার জন্য কমিশনার ও জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে প্রেরণ করা হয়েছে।

(১১) মে ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ২টি, সরাসরি মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত ১টি এবং পত্রিকা কাটিং থেকে ১টিসহ মোট ৪টি অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) মে ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ১৪টি অভিযোগ তদন্তপূর্বক নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১১টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করা হয়েছে এবং ২টি অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। ১টি অভিযোগ তদন্তক্রমে প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করে নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করা হয়েছে।

(১৩) কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত এপ্রিল দ্বিতীয় এবং মে প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১৪) জাতীয় মৎস্য পক্ষ ২০২৬ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এর আওতাভুক্ত 'পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস স্কিম'-এর আওতায় উপজেলা/থানা পর্যায়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে' Startup, Science Project and Innovation Idea Showcasing' প্রোগ্রাম আয়োজনের নিমিত্ত নির্দেশনা প্রদান করে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) পবিত্র ঈদ-উল-আযহা ২০২৬ উদ্‌যাপন উপলক্ষ্যে সড়ক, সেতু, রেলপথ ও নৌপথে যাত্রীসাধারণের যাতায়াত নিরাপদ ও নির্বিঘ্ন করার লক্ষ্যে ১১ মে ২০২৬ তারিখে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় এবং নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) কুরবানির পশুর বর্জ্যের সুষ্ঠু ও পরিবেশসম্মত ব্যবস্থাপনার জন্য স্থানীয় সরকার বিভাগ, সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) দেশব্যাপী সুষ্ঠু জ্বালানি ব্যবস্থাপনার লক্ষ্যে 'Fuel Management App' চালুকরণ ও সম্প্রসারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়াও জেলা পর্যায়ে Fuel Pass অ্যাপ-এর বাস্তবায়নের জন্য সকল জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) চাঁদপুর জেলার চিতোষী গ্রামের এক নারীকে শ্লীলতাহানির অভিযোগ এবং পরবর্তী সময়ে মোবাইল কোর্টের মাধ্যমে কারাদণ্ড প্রদান সংক্রান্ত ঘটনায় প্রতিবেদন প্রদানের বিষয়ে জেলা ম্যাজিস্ট্রেট, চাঁদপুরকে পত্র প্রেরণ করা হয়েছে।

(২০) মে ২০২৬ মাসে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে বিভাগীয় কমিশনার এবং সকল জেলা প্রশাসকের জুম প্ল্যাটফর্মে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

(২১) মন্ত্রণালয় ও বিভাগসমূহের কার্যাবলি সম্পর্কিত এপ্রিল ২০২৬ মাসের প্রতিবেদনের সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রেরণ করা হয়েছে।

(২২) বিভিন্ন আইনে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত ৬৬ জন কর্মকর্তার অনুকূলে 'মোবাইল কোর্ট আইন, ২০০৯'-এর ৫ ধারা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(২৩) Grievance Redress System (GRS)-এর মাধ্যমে ১ জানুয়ারি হতে ৩১ মে ২০২৬ মেয়াদে মোট দাখিলকৃত অভিযোগের সংখ্যা ২০,৪১১টি এবং অভিযোগ নিষ্পত্তি হয়েছে ১২,৩৮২টি, অভিযোগ নিষ্পত্তির হার ৬০.৬৬ শতাংশ।

(২৪) মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ও মাঠ পর্যায়ের দপ্তরসমূহের সিটিজেন্স চার্টার হালনাগাদ করার জন্য নিয়মিত পরিবীক্ষণ করা হচ্ছে এবং প্রাপ্ত ত্রুটি-বিচ্যুতিসমূহ সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(২৫) ১২ মে ও ২৩ মে ২০২৬ তারিখে সেবা সহজিকরণ নির্দেশিকা প্রণয়ন সংক্রান্ত দুইটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(২৬) বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সংস্কার ও উন্নয়ন সংক্রান্ত গৃহীত পদক্ষেপ ও বাস্তবায়ন অগ্রগতি এবং বিভিন্ন সংস্কার কমিশন হতে গৃহীত সুপারিশের অগ্রগতি সংক্রান্ত তথ্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

(২৭) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০২৬-২৭ অর্থবছরের GPMS (Government Performance Monitoring System)-এর ৩ বছর মেয়াদি পরিকল্পনা যাচাই ও মূল্যায়ন পর্যালোচনা কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(২৮) মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের ২০২৫-২৬ অর্থবছরের এপ্রিল ২০২৬ মাসের (আরএডিপি) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন বাস্তবায়ন ও পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হয়েছে।

(২৯) ১৯ মে ২০২৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গ. আগামী (জুন-জুলাই ২০২৬) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, মন্ত্রিসভা কমিটি/কমিশন/ অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি, প্রাক নিকার সচিব কমিটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি এবং মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন।

(৩) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২১১তম সভা আয়োজন।

(৪) প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১২১তম সভা আয়োজন।

নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব